

MID TERM EXAMINATION - 2021

Class - 8

Bengali (2nd language)

Time: 3Hrs

Full Marks - 80

Section- A

Language - (40 marks)

১) যে কোন একটি বিষয়ে রচনা লেখ: (200 -250 words). (15)

ক) রক্তদান জীবনদান।

খ) একটি রেডিওর আত্মকথা।

গ) প্রতিবন্ধীদের প্রতি ছাত্রদের কর্তব্য।

ঘ) একটি ঝড়ের রাতের অভিজ্ঞতা।

২) যে কোন একটি বিষয়ে পত্র রচনা কর: (7)

পুজোর ছুটিতে বন্ধুকে তোমার বাড়িতে আসার আমন্ত্রণ জানিয়ে একটি পত্র লেখ

অথবা

জল নিকাশি নর্দমার সংস্কার না হওয়ায় পুর
প্রধানকে পত্র লেখ।

৩) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও:
(5×2=10)

সুবলচন্দ্রের ছেলেটির নাম সুশীলচন্দ্র। কিন্তু
সকল সময় নামের মত মানুষটি হয় না সেই জন্যই
সুবল চন্দ্র দুর্বল ছিলেন এবং সুশীলচন্দ্র বড় শান্ত
ছিল না।

ছেলেটি পাড়াসুদ্ধ লোককে অস্থির করিয়া
বেড়াইত, সেইজন্য বাপ মাঝে মাঝে শাসন করিতে
ছুটিতেন, কিন্তু বাপের পায়ে ছিল বাত, আর
ছেলেটি হরিণের মত দৌড়িতে পারিত, কাজেই
কিল, চড়, চাপড় সকল সময় ঠিক জায়গায় গিয়া
পড়িত না।

আজ শনিবারের দিনে দুটোর সময় স্কুলের ছুটি
ছিল, কিন্তু আজ স্কুলে সুশীলের কিছুতেই মন
উঠিতেছিল না তাহার অনেকগুলো কারণ ছিল।
একে তো আজ স্কুলে ভূগোল পরীক্ষা, তাহাতে

আবার ওপাড়ার বোসেদের বাড়িতে আজ সন্ধ্যার সময় বাজি পোড়ানো হইবে। সকাল হইতে সেখানে ধুমধাম চলিতেছে। সুশীলের ইচ্ছে সেইখানে আজ দিনটা কাটাইয়া দেয়।

অনেক ভাবিয়া, শেষে স্কুলে যাইবার সময় বিছানায় গিয়া শুইয়া পড়িল। তার বাপ গিয়া জিজ্ঞাসা করিলেন, "কিরে বিছানায় পড়ে আছিস যে। আজ ইস্কুলে যাবি নে?" সুশীল বলিল, "আমার পেট কামড়াচ্ছে, আজ স্কুলে যাব না।" সুবল তাহার মিথ্যা কথা সমস্ত বুঝিতে পারিলেন। মনে মনে বললেন, "রোসো, একে আজ জব্দ করতে হবে।" এই বলিয়া কহিলেন, "পেট কামড়াচ্ছে? তবে আর তোর কোথাও গিয়ে কাজ নেই। বোসেদের বাড়ি বাজি দেখতে হরিকে একলাই পাঠিয়ে দেব এখন। তোর জন্য লজগুস কিনে রেখেছিলাম, সেও আজ খেয়ে কাজ নেই তুই এখানে চুপ করে পড়ে থাক, আমি খানিকটা পঁাচন তৈরি করে নিয়ে আসি।"

প্রশ্ন:

(5×2=10)

ক) সুবলচন্দ্রের ছেলের নাম কী?

খ) শনিবার কটার সময় স্কুল ছুটি হত?

গ) কাদের বাড়িতে বাজি পোড়ানো হবে?

ঘ) স্কুলে কিসের পরীক্ষা ছিল?

ঙ) সুভাষচন্দ্র তার ছেলের জন্য কী তৈরি করে নিয়ে আসার কথা বলেছে?

৪) ব্যাকরণ

ক) বাক্য নির্মাণ কর:। (2)

(যে কোনো দুটি)

আমি মরিলে সেও মরবে।(জটিল বাক্য)

ছাত্রটি বুদ্ধিমান হলেও অলস।(যৌগিক বাক্য)

কোন ছাত্র-ছাত্রী অকৃতকার্য হয়নি।(হ্যাঁ বাচক)

কাল সন্ধ্যায় মুষলধারে বৃষ্টি হয়েছিল। (প্রশ্নবাচক)

খ) এক কথায় প্রকাশ কর:। (2)

(যে কোন দুটি)

বিশ্বকে যিনি নিয়ন্ত্রণ করেন-

যার কুলশীল জানা নেই -

একই সময়ে বর্তমান -

দুই নদীর মধ্যবর্তী স্থান -

গ) কোনটি কোন বচন লেখ:। (2)

(যে কোন দুটি)

বই -

বাহকেরা -

সেনাবাহিনী -

মন্দির -

ঘ) বানান শুদ্ধ কর:। (2)

(যে কোন দুটি)

পারীতোষিক -

প্রানশক্তি -

কুজগ -

বীহগি -

Section-B

Literature (40 marks)

গদ্য ও পদ্য থেকে অন্তত একটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও।

ক)"কিন্তু এই জানোয়ারটাকে ওয়াচ করবার
দরকার নেই বড়বাবু"- কার লেখা কোন গল্পের
অন্তর্গত? বক্তা কে? জানোয়ার কাকে বলা
হয়েছে? রেসুন কোথায় অবস্থিত? বক্তার এরূপ
মনোভাবের কারণ কী? (2+2+2+1+3)

খ)"পাখিটাকে শিক্ষা দাও।"-বক্তা কে? পাখিটিকে
শিক্ষা দেওয়ার ভার কার উপর পড়েছিল?
পন্ডিতের মতে পাখিটির অবিদ্যার কারণ কী ছিল?
পাখিটির শিক্ষার জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা
হয়েছিল? তনখা কাকে বলে? (2+2+2+3+1)

গ)"মহারাজ! এ আশ্রমমৃগ, বধ করিবেন না।" -
কার লেখা কোন গল্পের অন্তর্গত? মহারাজ বলে
কাকে সম্বোধন করা হয়েছে? উদ্ধৃতংশের বক্তা
কারা? মালিনী নদীর তীরে কার আশ্রম ছিল?
রাজা দুঃস্বপ্ন কিভাবে তপবনে প্রবেশ করলেন?
(2+2+2+1+3)

ঘ) "নিন্দুকের যেন আচ্ছা করিয়া কান মলিয়া
দেওয়া হয়"-আলোচ্য অংশটি কার লেখা এবং

কোন গল্পের অন্তর্গত? এ কথা কে বলেছেন?

কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে? নিন্দুকেরা কী
কী বলেছিল? (2+2+3+3)

ঙ) "জড় নই, মৃত নই, নই অন্ধকারের খনিজ" -
বক্তা কে? সে নিজের সম্বন্ধে এরূপ কথা বলেছে
কেন? মর্মরধ্বনি কাকে বলে? সবার সম্মুখে কে,
কী মেলে দেবে? বনস্পতি কাকে বলা হয়?
(2+2+2+2+2)

চ) "জিয়াতে চাহিনা তনয়ে আমার"- কার লেখা
কোন কবিতার অংশ? এ কথা কে বলেছে? কেন
এ কথা বলা হয়েছে? শেষপর্যন্ত প্রভুর কাছে বক্তা
কি ভিক্ষা চেয়েছে?
(2+2+3+3)

ছ) "বিলাপ করেন রাম....."- রামচন্দ্র কার কাছে
বিলাপ করেন? কি কারণে বিলাপ করে? পৃথিবীর
'আপন দুহিতা' কে? রাহু কী? 'চন্দ্রকলা' কথাটির
অর্থ কি?
(2+3+2+2+1)